

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৯২/২০২২-২০২৩

ময়মনসিংহ, ০২ জানুয়ারি, সোমবার ২০২৩, ১৮ পৌষ ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। জামালপুরের ইসলামপুরে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের বই বিতরণ
- ০২। ময়মনসিংহের বিভিন্ন বিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করেছেন সিটি মেয়র
- ০৩। কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য দুটি নতুন বাস উদ্বোধন
- ০৪। বিদ্যাময়ী উচ্চ বিদ্যালয়ে পাঠ্যপুস্তক বিতরণ উৎসবের উদ্বোধন করেছেন বিভাগীয় কমিশনার
- ০৫। নেত্রকোনায় বার্ষিক পুলিশ সমাবেশ অনুষ্ঠিত

০১। জামালপুরের ইসলামপুরে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের বই বিতরণ

রবিবার (০১ জানুয়ারি) সকালে জামালপুরের ইসলামপুরে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় ২০২৩ শিক্ষাবর্ষের ৩০৭টি প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হয়েছে। জামালপুর ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে বই বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধর্মপ্রতিমন্ত্রী ফরিদুল হক খান দুলাল। সূত্র: আজকের বাংলাদেশ।

০২। ময়মনসিংহের বিভিন্ন বিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করেছেন সিটি মেয়র

রবিবার (০১ জানুয়ারি) সকালে ময়মনসিংহ নগরীর বিভিন্ন বিদ্যালয়ে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে ২০২৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেছেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মো. ইকরামুল হক টিটু। এদিন সকালে নগরীর প্রিমিয়ার আইডিয়াল হাই স্কুল, মুকুল নিকেতন উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ উচ্চ বিদ্যালয় এবং কৃষ্ণপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে বই তুলে দেন মেয়র। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, আজকের বাংলাদেশ, দৈনিক সবুজ, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস, দৈনিক ময়মনসিংহের কাগজ, দৈনিক আজকের খবর ও দৈনিক বিশ্বের মুখপত্র।

০৩। কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য দুটি নতুন বাস উদ্বোধন

ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য নতুন বছরের প্রথম দিনে দুটি বাসের উদ্বোধন করা হয়েছে। রবিবার (০১ জানুয়ারি) বিকেলে বাসের ফটকে ফিতা কেটে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. সৌমিত্র শেখর বাস দুটির উদ্বোধন করেন। ‘নতুন পথিক’ ও ‘আগমনী’ নামের বাস দুটি খুব শিগগিরই শিক্ষার্থী পরিবহন করা শুরু করবে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বজন ও দৈনিক জাহান।

০৪। বিদ্যাময়ী উচ্চ বিদ্যালয়ে পাঠ্যপুস্তক বিতরণ উৎসবের উদ্বোধন করেছেন বিভাগীয় কমিশনার

রবিবার (০১ জানুয়ারি) ময়মনসিংহের বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে আনুষ্ঠানিকভাবে বেলুন উড়িয়ে পাঠ্যপুস্তক বিতরণ উৎসবের উদ্বোধন করেছেন অনুষ্ঠানের প্রধান অতিথি ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস। অনুষ্ঠানে তিনি জানান, মাননীয় প্রধানমন্ত্রীর পৃষ্ঠপোষকতায় সারাদেশে এবছর ৩৩ কোটি বই বিতরণ করা হবে। এর আগে বিভাগীয় কমিশনার নওমহল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক সবুজ, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস ও দৈনিক বিশ্বের মুখপত্র।

০৫। নেত্রকোনা বার্ষিক পুলিশ সমাবেশ অনুষ্ঠিত

শনিবার (৩১ ডিসেম্বর) বিকেলে নেত্রকোনা জেলা পুলিশের উদ্যোগে নেত্রকোনা পুলিশ লাইন্স মাঠে বার্ষিক পুলিশ সমাবেশ ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। নেত্রকোনা পুলিশ সুপার মো. ফয়েজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি দেবদাস ভট্টাচার্য্য। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ময়মনসিংহের কাগজ:** দেশের উত্তরাঞ্চলে শীতে জনজীবন কাবু হয়ে গেছে, বাড়ছে রোগ বালাই। আবহাওয়া অধিদপ্তর জানাচ্ছে, আগামী কয়েকদিনের মধ্যে শীতের তীব্রতা আরো বাড়বে। সেজন্য সরকারসহ সংশ্লিষ্ট সবার উচিত শীতাত্ত মানুষের পাশে দাঁড়াবার জন্য আগাম প্রস্তুতি গ্রহণ করা।
- (খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** অসহায় শীতাত্তদের সার্বিক সহায়তার বিষয়টি সংশ্লিষ্টরা মাথায় রাখবেন, সে অনুযায়ী ব্যবস্থা নেবেন, এটাই প্রত্যাশা।
- (গ) **দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক বিশ্বের মুখপত্র ও দৈনিক সকালের দুনিয়া:** শিক্ষার্থীদের হাতে নির্দিষ্ট সময়ে নতুন বই তুলে দেয়া সরকারের একটি চ্যালেঞ্জ, তাতে কোনো সন্দেহ নেই। নতুন শিক্ষাবর্ষের শুরুতেই প্রতিটি শিক্ষার্থীর হাতে নতুন বই পৌঁছানো নিশ্চিত করার মধ্য দিয়ে বই উৎসব সফল হবে, এটাই প্রত্যাশা।
- (ঘ) **দৈনিক স্বজন:** অপ্রতিরোধ্য ছন্দে ও দুর্দান্ত দাপটে সাফ নারী চ্যাম্পিয়নশিপে অপরাজিত চ্যাম্পিয়ন হয়েছে লাল-সবুজের দেশ। তাদের জয়ের ধারা অব্যাহত থাকুক, এই প্রত্যাশা ও শুভ কামনা।
- (ঙ) **দৈনিক জাহান:** যানজট এখন রাজধানীর প্রধান সমস্যা। তাই যানজটের ক্ষতি নিরসনে সকল সংস্থার সমন্বয় দরকার।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। ডিভাইসে আসক্তি মানবিক হতে বাধা দেয়- স্বপ্না রেজা (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০২। মরিয়মদের পথ ধরে এগোচ্ছে বাংলাদেশ- নূর কামরুন নাহার (দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক বিশ্বের মুখপত্র ও দৈনিক সকালের দুনিয়া)
- ০৩। নতুন বছর হোক স্বপ্ন পূরণের অঞ্জীকারে দৃপ্ত- আহমেদ আমিনুল ইসলাম (আজকের বাংলাদেশ)
- ০৪। নতুন বছরে আশা জাগানিয়া 'বাংলাদেশ'- ড. আতিউর রহমান (দৈনিক সবুজ)

#